



প্লট দুর্নিতির দায়ে শেখ হাসিনার ১০ ও টিউলিপের ৪ বছরের কারাদণ্ড



ছবি: সংগৃহীত

রাজধানীর পূর্বাচল নতুন শহর প্রকল্পে সরকারি প্লট বরাদ্দ সংক্রান্ত পৃথক মামলায় ক্ষমতাত্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ বছর করে দুই মামলায় মোট ১০ বছরের কারাদণ্ড পেয়েছেন। একই মামলায় তার ছোটবোন শেখ রেহানার মেয়ে টিউলিপ সিদ্দিকও দুই মামলায় ২ বছর করে মোট ৪ বছরের কারাদণ্ড এবং এক লাখ টাকা জরিমানা চালানোর নির্দেশ পেয়েছেন।

এছাড়া আজমিনা সিদ্দিক ও রাদওয়ান মুজিব সিদ্দিককে ৭ বছরের সশ্রম কারাদণ্ডের পাশাপাশি তাদের প্লট বরাদ্দ বাতিলের রায় দেওয়া হয়েছে। রাজউকের সদস্য খুরশিদ আলমকে এক বছরের কারাদণ্ড এবং এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। রাজউক ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৪ কর্মকর্তা পাঁচ বছর করে কারাদণ্ড পেয়েছেন।
সোমবার (২ ফেব্রুয়ারি) ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক রবিউল আলম রায় ঘোষণা করেন।

LENS ASIA